গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১ অধিশাখা
www.mopme.gov.bd

নং: ৩৮.০০.০০০০.০০৭.২৭.০০৮.২০২৫-৩৯০

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩১ / ০৫ মার্চ ২০২৫

## প্রজ্ঞাপন

মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে গত ২৬ আগস্ট ২০১৬ তারিখের ৩৮.০০৭.০২২.০০০.০৬.০০.২০০৮-২৭০নং প্রজ্ঞাপনমূলে জেলা এবং বিভাগীয় পর্যায়ে গঠিত টাস্কফোর্স কমিটি এবং এর কার্যপরিধি পরিমার্জন ও সংশোধনপূর্বক নিম্নোক্তভাবে কমিটি পুন:গঠন ও কার্যপরিধি পুন:নির্ধারণ করা হলো এবং উপজেলা পর্যায়ে গঠিত টাস্কফোর্স কমিটি এতদ্বারা বাতিল করা হলো:

### ক) বিভাগীয়/মহানগরের ক্ষেত্রে বিভাগীয় প্রাথমিক শিক্ষা টাস্কফোর্স কমিটি:

| | |
|---|---|
| ক. বিভাগীয় কমিশনার | -সভাপতি |
| খ. রেঞ্জ ডিআইজি | -সদস্য |
| গ. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) | -সদস্য |
| ঘ. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ | -সদস্য |
| ঙ. প্রতিনিধি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (শুধু বিভাগীয় টাস্কফোর্স কমিটি, ঢাকা এর ক্ষেত্রে প্রযোজ্য, প্রতিনিধি মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত) | -সদস্য |
| চ. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি | -সদস্য |
| ছ. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (সার্কেল) | -সদস্য |
| জ. জেলা প্রশাসক (বিভাগভুক্ত সকল জেলা) | -সদস্য |
| ঝ. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (সার্কেল) | -সদস্য |
| ঞ. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা | -সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

ক. বিভাগীয় পর্যায়ে সকল প্রাথমিক বিদ্যালয়ের (সরকারি, বেসরকারি, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক পরিচালিত লার্নিং সেন্টার ও শিশু কল্যাণ ট্রাস্ট কর্তৃক পরিচালিত বিদ্যালয়) শিক্ষার সার্বিক অবস্থা ও অগ্রগতি পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
খ. প্রাথমিক বিদ্যালয় (সরকারি, বেসরকারি, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক পরিচালিত লার্নিং সেন্টার ও শিশু কল্যাণ ট্রাস্ট কর্তৃক পরিচালিত বিদ্যালয়) পরিদর্শন/মনিটরিং এর জন্য বিভাগীয় পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে মনিটরিং টিম গঠন;
গ. প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ;
ঘ. প্রাথমিক বিদ্যালয় (সরকারি, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক পরিচালিত লার্নিং সেন্টার ও শিশু কল্যাণ ট্রাস্ট কর্তৃক পরিচালিত বিদ্যালয়) সংশ্লিষ্ট সকল উন্নয়নমূলক কার্যক্রমের যথাযথ বাস্তবায়নে তদারকিকরণ;
ঙ. প্রাথমিক শিক্ষার গুনগত মানোন্নয়নে নবতর ধারণা ও উদ্যোগ গ্রহণ এবং প্রয়োগ;
চ. প্রাথমিক বিদ্যালয় পর্যায়ে সাধারণ স্বাস্থ্যবিধি প্রতিপালন ও স্বাস্থ্য সুরক্ষা বিষয়ে শিক্ষক, ছাত্র-ছাত্রীসহ সংশ্লিষ্টদের সম্পৃক্ত ও উদ্বুদ্ধকরণ;
ছ. বিদ্যালয়ে ঝরে পড়া রোধ, শিখন শেখানো কাজের উন্নয়ন, যথাযথ মনিটরিং এর মাধ্যমে শিক্ষার্থীদের শিখন ঘাটতি নিরূপন ও দূরীকরণে কার্যক্রম গ্রহণ;
জ. প্রাথমিক পর্যায়ের বেসরকারি বিদ্যালয় রেজিস্ট্রেশন কার্যক্রম তদারক;
ঝ. প্রতি ০৩ মাসে অন্তত এক (০১) বার বিভাগীয় কমিটির সভা আহবানপূর্বক প্রাথমিক শিক্ষার সার্বিক অবস্থা পর্যালোচনা করে প্রযোজ্য ক্ষেত্রে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ।

### খ) জেলা পর্যায়ে জেলা প্রাথমিক শিক্ষা টাস্কফোর্স কমিটি:

| | |
|---|---|
| ক. জেলা প্রশাসক | -সভাপতি |
| খ. পুলিশ সুপার | -সদস্য |
| গ. সিভিল সার্জন | -সদস্য |
| ঘ. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি | -সদস্য |
| ঙ. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | -সদস্য |


প্রাথমিক শিক্ষা অধিদপ্তর,
পরিচালক (পলিসি ও অপারেশন)
জরুরী/অতি জরুরী/আজই
পেশ করুন/নথিজাত
আলোচনা করুন/ব্যবস্থা নিন
উপপরিচালক (বিদ্যা/পলিসি)
উপপরিচালক (ইনক্লুসিভ/প্রাক প্রাথঃ)
উপপরিচালক (আইন)
সহকারী পরিচালক (নিয়োগ/পদোঃ)
সহকারী পরিচালক (আইন)
সহকারী পরিচালক (বিদ্যা/পলিসি)
সহকারী পরিচালক
শিক্ষা/গবেষণা/ হিসাব রক্ষণ কর্মকর্তা
জনাব
পরিচালক

| | |
|---|---|
| চ. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) | -সদস্য |
| ছ. জেলা শিক্ষা অফিসার | -সদস্য |
| জ. জেলা সদরে অবস্থিত পিটিআই এর সুপারিনটেনডেন্ট | -সদস্য |
| ঝ. উপপরিচালক, সমাজসেবা কার্যালয় | -সদস্য |
| ঞ. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | -সদস্য |
| ট. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | -সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

ক. জেলা পর্যায়ে সকল প্রাথমিক বিদ্যালয়ের (সরকারি, বেসরকারি, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো পরিচালিত লার্নিং সেন্টার ও শিশু কল্যাণ ট্রাস্ট পরিচালিত বিদ্যালয়) শিক্ষার মানোন্নয়নে যথাযথ ব্যবস্থা গ্রহণ;
খ. প্রাথমিক বিদ্যালয় (সরকারি, বেসরকারি, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো পরিচালিত লার্নিং সেন্টার ও শিশু কল্যাণ ট্রাস্ট পরিচালিত বিদ্যালয়) পরিদর্শন/মনিটরিং এর জন্য জেলা পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে মনিটরিং টিম গঠন;
গ. জেলাধীন প্রাথমিক বিদ্যালয় (সরকারি, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো পরিচালিত লার্নিং সেন্টার ও শিশু কল্যাণ ট্রাস্ট পরিচালিত বিদ্যালয়) সংশ্লিষ্ট সকল উন্নয়নমূলক কার্যক্রমের তদারক ও যথাযথ বাস্তবায়নে ব্যবস্থা গ্রহণ;
ঘ. প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়নে নবতর ধারণা ও উদ্যোগ গ্রহণ এবং প্রয়োগ;
ঙ. প্রাথমিক বিদ্যালয়ে সাধারণ স্বাস্থ্যবিধি প্রতিপালন ও স্বাস্থ্য সুরক্ষা বিষয়ে শিক্ষক, ছাত্র-ছাত্রীসহ সংশ্লিষ্টদের সম্পৃক্ত ও উদ্বুদ্ধকরণ;
চ. বিদ্যালয়ে ঝরে পড়া রোধ, শিখন শেখানো কাজের উন্নয়ন, যথাযথ মনিটরিং এর মাধ্যমে শিক্ষার্থীদের শিখন ঘাটতি নিরূপন ও দূরীকরণে কার্যক্রম গ্রহণ;
ছ. জেলাধীন প্রাথমিক পর্যায়ের বেসরকারি বিদ্যালয় রেজিস্ট্রেশন কার্যক্রম তদারক;
জ. প্রতি ০২ মাসে অন্তত এক (০১) বার জেলা কমিটির সভা আহবানপূর্বক প্রাথমিক শিক্ষার সার্বিক অবস্থা পর্যালোচনা করে বিভাগীয় টাস্কফোর্স কমিটি বরাবর ও প্রযোজ্য ক্ষেত্রে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ।

০২। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

০৫/০৬/২০২৫

ইসরাত জাহান
উপসচিব
ফোন: +৮৮০ ২৫৫১০০৯৩৩
email: dssch1@mopme.gov.bd

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৭. সচিব, স্বাস্থ্য বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ সদর দপ্তর, ঢাকা।
১১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
১২. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
১৩. রেঞ্জ ডিআইজি, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
১৪. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
১৫. পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।

১৬. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
১৭. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (সার্কেল), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
১৮. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিভাগীয় শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (সার্কেল), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
১৯. জেলা প্রশাসক (সকল)।
২০. জেলা পুলিশ সুপার (সকল জেলা)।
২১. সিভিল সার্জন (সকল জেলা)।
২২. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটির ২০০০ কপি গেজেট আকারে মুদ্রণের অনুরোধসহ)।
২৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি (সকল জেলা)।
২৬. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (সকল জেলা)।
২৭. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (সকল জেলা)।
২৮. অতিরিক্ত জেলা প্রশাসক, (শিক্ষা) (সকল)।
২৯. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
৩০. বিভাগীয় উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৩১. উপপরিচালক, সমাজসেবা কার্যালয় (সকল জেলা)।
৩২. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩৩. জেলা শিক্ষা অফিসার (সকল)।
৩৪. সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।
৩৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
৩৬. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১৪৫.৯৯.০২৭.২৪ - ৮৮৭ তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩১ / ১০ মার্চ ২০২৫

**বিষয়: জেলা ও বিভাগীয় পর্যায়ে গঠিত টাস্কফোর্স কমিটি এবং এর কার্যপরিধি পরিমার্জন ও সংশোধনপূর্বক নিম্নোক্তভাবে কমিটি পুন:গঠন ও কার্যপরিধি পুন:নির্ধারণ এবং উপজেলা পর্যায়ে গঠিত টাস্কফোর্স কমিটি এমদ্বারা বাতিল করা।**

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৮.০০.০০০০.০০৭.২৭.০০৮.২০২৫-৩৯০, তারিখ: ০৫ মার্চ ২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বাস্তবায়নের নিমিত্ত বিভাগীয় ও জেলা টাস্কফোর্স কমিটির সদস্য সচিবগণকে স্ব স্ব কমিটির সভাপতির নিকট হতে তারিখ নিয়ে প্রথম সভা আয়োজনের ব্যবস্থা নিতে অনুরোধ জানিয়ে সূত্রোক্ত প্রজ্ঞাপনটি পৃষ্ঠাংকনপূর্বক নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

১০/০৩/২০২৫
মোঃ রাইহুল করিম
সহকারী পরিচালক (পলিসি ও অপারেশন)

বিভাগীয় উপপরিচালক (সকল)
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

অনুলিপি সদয় অবগতির জন্য:
১। জেলা প্রশাসক (সকল)।
২। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপসচিব (বিদ্যালয়-১ অধিশাখা), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।
৭। উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (সকল)।
৮। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১ অধিশাখা
www.mopme.gov.bd

নং: ৩৮.০০.০০০০.০০৭.২৭.০০৮.২০২৫-৩৯১

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩১ / ০৫ মার্চ ২০২৫

## প্রজ্ঞাপন

মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে গত ১০ সেপ্টেম্বর ২০২৪ তারিখের ৩৮.০০৮.০৩৫.০০.০০.০০৭.২০১২. ৪৫৬নং প্রজ্ঞাপনমূলে উপজেলা পর্যায়ে গঠিত প্রাথমিক শিক্ষা এডহক কমিটি পরিমার্জন ও সংশোধনপূর্বক নিম্নোক্তভাবে কমিটি পুন:গঠন ও কার্যপরিধি পুন:নির্ধারণ করা হলো:

**উপজেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষা এডহক কমিটি:**

| | |
|---|---|
| ক. উপজেলা নির্বাহী অফিসার | -আহবায়ক |
| খ. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | -সদস্য |
| গ. উপজেলা সমাজসেবা কর্মকর্তা | -সদস্য |
| ঘ. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | -সদস্য |
| ঙ. উপজেলা প্রকৌশলী, এলজিইডি | -সদস্য |
| চ. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার | -সদস্য |
| ছ. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | -সদস্য |
| জ. উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার ০১ জন (কমিটির আহবায়ক কর্তৃক মনোনীত) | -সদস্য |
| ঝ. সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ০২ জন (০২ জন প্রধান শিক্ষকের মধ্যে ০১ জন নারী, কমিটির আহবায়ক কর্তৃক মনোনীত) | -সদস্য |
| ঞ. সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ০১ জন (কমিটির আহবায়ক কর্তৃক মনোনীত) | -সদস্য |
| ট. উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার | -সদস্য সচিব |

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
পরিচালক (পলিসি ও অপারেশন)
■ আলোচনা করুন/ব্যবস্থা নিন
■ উপপরিচালক (বিদ্যা/পলিসি)
■ উপপরিচালক (আইন)
■ সহকারী পরিচালক (নিয়োগ/পদো:)
■ সহকারী পরিচালক (আইন)
■ সহকারী পরিচালক (বিদ্যা/পলিসি)
■ সহকারী পরিচালক
■ শিক্ষা/গবেষণা/ হিসাব রক্ষণ কর্মকর্তা
■ জনাব

**কমিটির কার্যপরিধি:**

(ক) উপজেলা পর্যায়ে সকল প্রাথমিক বিদ্যালয়ের (সরকারি, বেসরকারি, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো পরিচালিত লার্নিং সেন্টার ও শিশু কল্যাণ ট্রাস্ট পরিচালিত বিদ্যালয়) শিক্ষার সার্বিক অবস্থা ও অগ্রগতি পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

(খ) উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা, শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি, শিখন শেখানো কাজের উন্নয়ন, যথাযথ মনিটরিং এর মাধ্যমে শিক্ষার্থীদের শিখন ঘাটতি নিরূপন ও দূরীকরণে কার্যক্রম গ্রহণ;

(গ) উপজেলাধীন প্রাথমিক বিদ্যালয়সমূহে ছাত্র/ছাত্রীর ভর্তির হার বৃদ্ধি, ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের বিদ্যালয় হতে ঝরে পড়া রোধ, ৬-১০ বছর বয়সী সকল শিশুর প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ, শিশু জরিপের সঠিকতা যাচাই ইত্যাদি বিষয় পর্যালোচনা এবং এগুলো সম্পর্কে যথাযথ ব্যবস্থা গ্রহণ;

(ঘ) উপজেলার প্রাথমিক পর্যায়ে বেসরকারি বিদ্যালয় রেজিস্ট্রেশনের কার্যক্রম তদারক;

(ঙ) উপজেলাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহের উন্নয়নকল্পে বিদ্যালয় পুনঃনির্মাণ ও মেরামতের জন্য অগ্রাধিকার তালিকা প্রণয়ন;

(চ) উপজেলাধীন প্রাথমিক বিদ্যালয় (সরকারি, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো পরিচালিত লার্নিং সেন্টার ও শিশু কল্যাণ ট্রাস্ট পরিচালিত বিদ্যালয়) সংশ্লিষ্ট সকল উন্নয়নমূলক কার্যক্রমের তদারক ও যথাযথ বাস্তবায়নে ব্যবস্থা গ্রহণ;

(ছ) প্রাথমিক বিদ্যালয়ে সাধারণ স্বাস্থ্যবিধি প্রতিপালন ও স্বাস্থ্য সুরক্ষায় শিক্ষক, ছাত্র-ছাত্রীসহ সংশ্লিষ্টদের সম্পৃক্ত ও উদ্বুদ্ধকরণ;

(জ) প্রতি মাসে অন্তত এক (০১) বার উপজেলা কমিটির সভা আহবানপূর্বক প্রাথমিক শিক্ষার সার্বিক অবস্থা সম্পর্কে জেলা টাস্কফোর্স কমিটি বরাবর সুপারিশ/প্রস্তাব প্রেরণ।

০২। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

০৫/০৬/২০২০

ইসরাত জাহান
উপসচিব
ফোন: +৮৮০ ২৫৫১০০৯৩৩
email: dssch1@mopme.gov.bd

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৬. সচিব, স্বাস্থ্য বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
১০. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
১১. উপসচিব (বিদ্যালয়-২), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. জেলা প্রশাসক (সকল)।
১৫. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটির ২০০০ কপি গেজেট আকারে মুদ্রণের অনুরোধসহ)।
১৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১৭. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)।
১৮. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৯. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
২০. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)।
২১. উপজেলা শিক্ষা অফিসার (সকল)।
২২. উপজেলা প্রকৌশলী (সকল)।
২৩. উপজেলা প্রকৌশলী, এলজিইডি (সকল)।
২৪. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার (সকল)।
২৫. উপজেলা সমাজসেবা কর্মকর্তা (সকল)।
২৬. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (সকল)।
২৭. উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
২৮. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১৪৫.৯৯.০২৭.২৪-৩৯৮ তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩১ / ১০ মার্চ ২০২৫

**বিষয়: উপজেলা পর্যায়ে গঠিত প্রাথমিক শিক্ষা এডহক কমিটি পরিমার্জন ও সংশোধনপূর্বক নিম্নোক্তভাবে কমিটি পুন:গঠন ও কার্যপরিধি পুন:নির্ধারণ করা সংক্রান্ত।**

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৮.০০.০০০০.০০৭.২৭.০০৮.২০২৫-৩৯১, তারিখ: ০৫ মার্চ ২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত প্রজ্ঞাপনের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বাস্তবায়নের নিমিত্ত উপজেলা পর্যায়ে গঠিত প্রাথমিক শিক্ষা এডহক কমিটি পরিমার্জন ও সংশোধনপূর্বক নিম্নোক্তভাবে কমিটি পুন:গঠন ও কার্যপরিধি পুন:নির্ধারণ করা হয়। উক্ত কমিটির সদস্য সচিবকে কমিটির সভাপতির নিকট হতে তারিখ নিয়ে প্রথম সভা আয়োজনের ব্যবস্থা নিতে অনুরোধ জানিয়ে সূত্রোক্ত প্রজ্ঞাপনটি পৃষ্ঠাংকনপূর্বক নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

১০/০৩/২০২৫
মোঃ রাইহুল করিম
সহকারী পরিচালক (পলিসি ও অপারেশন)

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক (সকল)।
২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. উপসচিব (বিদ্যালয়-১ অধিশাখা), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (সকল)।
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৭. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৮. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর [অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৯. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার (সকল)।
১০. সংরক্ষণ নথি।